

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

উপজেলা প্রকৌশলীর কার্যালয়

নালিতাবাড়ী, শেরপুর।

www.lged.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং- ৪৬.০২.৮৯৭০.০০০.০০.০০১.২৩- ৪৭০

তারিখঃ- ২৫/০৭/২০ ২২


“নিয়োগ বিজ্ঞপ্তি”

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অনুন্নয়ন বাজেটের “মেরামত ও সংরক্ষণ” এর অধীন “গ্রামীণ সড়ক” এর আওতায় রাস্তা রক্ষণাবেক্ষণের জন্য অত্র নালিতাবাড়ী উপজেলায় দুঃস্থ মহিলা কর্তৃক প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পাদন, তদারকী এবং মনিটরিং করনের লক্ষ্যে নালিতাবাড়ী উপজেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত যোগ্যতা সম্পন্ন ৪(চার) জন সুপারভাইজার নিয়োগের দরখাস্ত আহবান করা যাচ্ছে।

যোগ্যতা :

১. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে এস.এস.সি পাশ হতে হবে।
২. দল গঠনের পূর্ব অভিজ্ঞতা, পশু সম্পদ, পোল্ট্রি, মৎস্য ও কৃষি কাজের মাধ্যমে আয়-বর্ধক কর্মকাণ্ডের বিষয়ে মৌলিক জ্ঞান সম্পন্ন এবং সাধারণ হিসাব নিকাশ সংরক্ষণে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
৩. নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালাতে সক্ষম হতে হবে।
৪. দুঃস্থ মহিলাদের সাথে একনিষ্ঠভাবে কাজ করার মনমানসিকতা থাকতে হবে।
৫. বয়স ন্যূনতম ১৮-৪০ বৎসর তবে ত্রিশোর্ধ বয়সে যোগ্য প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

আগ্রহী প্রার্থীদেরকে আগামী ২৪/০৭/২০২৩ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে আবেদনপত্র পৌছাতে হবে। আবেদনকারীদের জীবন বৃত্তান্তসহ সত্যায়িত এবং প্রযোজ্য ক্ষেত্রে মূল কপি সহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদ ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি ছবিসহ দরখাস্ত দাখিল করতে হবে।


(মোঃ রকিবুল আলম রাকিব)

উপজেলা প্রকৌশলী

নালিতাবাড়ী, শেরপুর।

ই-মেইল : ue.nalitabari@lged.gov.bd

অনুলিপি সদয় অবগতি/ কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জেলা : শেরপুর।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নালিতাবাড়ী, শেরপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ী, শেরপুর।
- ৪। -----কর্মকর্তা, নালিতাবাড়ী, শেরপুর।
- ৫। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ, নালিতাবাড়ী, শেরপুর।
- ৬। নোটিশ বোর্ড।